

স্বাক্ষরিত
১৩/১০/২৫
১৩/১০/২৫

অতিরিক্ত সচিব (পর্যটন)- এর দপ্তর
ডায়েরী নং: ৩০০
তারিখ: ২৫/১০/২৫
পর্যটন অনুবিভাগ:
অতিরিক্ত সচিব (পর্যটন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ শাখা-২
www.moefcc.gov.bd

সচিবের দপ্তর
* অতিরিক্ত সচিব (প্রশাসন/পরিচালনা)
* অতিরিক্ত সচিব (আইন/নিয়ন্ত্রক)
* অতিরিক্ত সচিব (বিমান ও সিএ)
23 OCT 2025
একান্ত সচিব
ডায়েরী নং: ৩০০
সচিব

নম্বর: ২২.০০.০০০০.০৭৩.১৪.০১৪.২৩.৩৮৫

৬ কার্তিক ১৪৩২
তারিখ:
২২ অক্টোবর ২০২৫

প্রজ্ঞাপন

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ১৩ এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত সেন্টমার্টিন দ্বীপের পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ এবং পরিবেশবান্ধব পর্যটন নির্দেশিকা, ২০২৩ (এস.আর.ও. নং-১৬৫-আইন/২০২৩, তারিখ: ২৩ মে ২০২৩) এর আলোকে সরকার সেন্টমার্টিন দ্বীপে ভ্রমণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ জারি করল:

- বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত সেন্টমার্টিন দ্বীপে নৌযান চলাচলের অনুমতি প্রদান করতে পারবে না।
 - বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের স্বীকৃত ওয়েব পোর্টালের মাধ্যমে সেন্টমার্টিন গমনের টিকিট ক্রয় করতে হবে। টিকিটের উপর Travel pass এবং QR code বসানো থাকবে। QR code বিহীন টিকিট নকল হিসেবে গণ্য হবে।
 - নভেম্বর মাসে সেন্টমার্টিন দ্বীপে পর্যটক দিনের বেলায় যাবে এবং দিনেই ফিরে আসবে, রাত্রিযাপন করতে পারবে না।
 - ডিসেম্বর ও জানুয়ারি মাসে সেন্টমার্টিন দ্বীপে রাত্রিযাপন করতে পারবে।
 - পর্যটকের সংখ্যা গড়ে প্রতিদিন ২০০০ (দুই হাজার) এর অধিক হবে না।
 - ফেব্রুয়ারি মাসে পর্যটক যাতায়াত বন্ধ থাকবে।
 - সেন্টমার্টিন দ্বীপে রাতে সমুদ্র সৈকত এবং তৎসংলগ্ন এলাকায় আলো জ্বালানো, শব্দ সৃষ্টি এবং বার-বি কিউ পার্টি করা যাবে না।
 - কেয়া বনে প্রবেশ এবং কেয়া ফল সংগ্রহ ও ক্রয়-বিক্রয় করা যাবে না।
 - কোনভাবেই দ্বীপের জীববৈচিত্র্যের (সামুদ্রিক কাছিম, পাখি, প্রবাল, শামুক, ঝিনুক, তারা মাছ, রাজকাঁকড়া, সামুদ্রিক ঘাস, সামুদ্রিক শৈবাল ইত্যাদি) ক্ষতি সাধন করা যাবে না।
 - সমুদ্র সৈকতে মোটর সাইকেল, সী বাইক এবং এরূপ অন্যান্য যানবাহন চালানো যাবে না।
 - নিষিদ্ধ ঘোষিত পলিথিন বহন করা যাবে না; একবার ব্যবহার্য প্লাস্টিক যেমন: চিপসের প্যাকেট, প্লাস্টিকের চামচ, প্লাস্টিকের স্ট্র, সাবান ও শ্যাম্পুর মিনিপ্যাক, ৫০০ মিলি/১০০০ মিলি প্লাস্টিকের পানির বোতল ইত্যাদি বহন নিরুৎসাহিত করা হলো।
 - প্লাস্টিক বোতল এর পরিবর্তে পর্যটকগণকে নিজ নিজ পানির ফ্লাস্ক সাথে রাখতে অনুরোধ করা যাচ্ছে।
- ২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মুগ্ধাসচিব (পর্যটন) এর দপ্তর
ডায়েরী নং: ৩০০
তারিখ: ২৫/১০/২৫
 (পর্য-১) (পর্য-২)
 (পর্য-৩) পি.ও.
মুগ্ধাসচিব (পর্যটন)

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আব্দুল্লাহ-আল-মামুন
উপসচিব

ফোন : ০১৩৪৫-৭৭৬০৪৩


ইমেইল: env2@moef.gov.bd

নম্বর: ২২.০০.০০০০.০৭৩.১৪.০১৪.২৩.৩৮৫

৬ কার্তিক ১৪৩২
তারিখ:
২২ অক্টোবর ২০২৫

অনুলিপি; (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতির জন্য

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. ইন্সপেক্টর জেনারেল, পুলিশ হেডকোয়ার্টার্স, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৭. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (পরিবেশ অনুবিভাগ), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৯. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, পর্যটন ভবন, ই-৫ সি/১, পশ্চিম, আগারগাঁও, ঢাকা।
১১. চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ ঢাকা।
১২. চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন, আগারগাঁও, ঢাকা।
১৩. মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, আগারগাঁও, ঢাকা।
১৪. মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, বিআইডব্লিউটিএ ভবন (৮ম তলা) ১৪১-১৪৩ মতিঝিল বা/এ ঢাকা।
১৫. অতিরিক্ত আইজিপি, ট্যুরিস্ট পুলিশ ফারইস্ট টাওয়ার, তোপখানা রোড, পুরান পল্টন, ঢাকা।
১৬. প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
১৭. যুগ্মসচিব, পরিবেশ-২ অধিশাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১৮. জেলা প্রশাসক, কক্সবাজার।
১৯. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০. সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২১. উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বি.জি প্রেস), তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেট আকারে প্রকাশ এবং উক্ত গেজেটের ৫০০ (পাঁচ শত) কপি মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল)।
২২. পরিচালক, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২৩. সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
২৪. উপজেলা নির্বাহী অফিসার, টেকনাফ, কক্সবাজার।
২৫. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, কক্সবাজার।


আব্দুল্লাহ-আল-মামুন
উপসচিব